ISO 9001:2015 Certified

# হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

## শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

দূরালাপনী: অফিস- ০৮৩৩২-৫৬৬৪২, অভিযোগ কেন্দ্র ০৪ ০৮৩৩২-৫৬৬৬৩, ই-মেইলঃ habigonjpbs@yahoo.com, ওয়েবসাইটঃ www.pbs.habigonj.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৬৪৪.৫০৫.০২.০০৮.০২৪. ৪০৫৫ তারিখঃ- ০৫ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ / ২৩ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

### আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির **"বিলিং সুপারভাইজার"** পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্তে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত ২০১২) অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিলিং সহকারীদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃনং | পদের নাম ও পদ সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন ও অন্যান্য ভাতাদি | জেলা কোটা |
|---|---|---|---|---|
| ০১ | বিলিং সুপারভাইজার ০১ (এক) টি | ক) বিলিং সহকারী হিসেবে ন্যূনতম ০৭(সাত) বছর নিয়মিত চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য ইকুপমেন্ট পরিচালনায় সামর্থ হতে হবে।<br>গ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ১০(দশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০(ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>ঘ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ সহ পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্ত পূরণ করতে হবে।<br>ঙ) সংশ্লিষ্ট পদে সর্বশেষ ০৩(তিন) বছরের কর্মমূল্যায়নের রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>চ) দাপ্তরিক দায়িত্ব পালনে কর্মদক্ষতা ও উন্নত কৌশল অর্জনে আগ্রহী হতে হবে। | পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী | **পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকা অর্থাৎ হবিগঞ্জ জেলার, হবিগঞ্জ সদর, নবীগঞ্জ, আজমিরীগঞ্জ, বানিয়াচং, লাখাই, বাহুবল, মাধবপুর, চুনারুঘাট, সুনামগঞ্জ জেলার শাল্লা, দিরাই, জগন্নাথপুর, সিলেট জেলার ওসমানীনগর এবং ব্রাহ্মনবাড়ীয়া জেলার নাসিরনগর উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।** |

**শর্তাবলীঃ-**

০১। বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে খামের উপরে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ট) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্র সহ আগামী ১৩/০১/২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১০:০০ ঘটিকায় হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি সদর দপ্তর শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জে স্বশরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

**০২। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ।

(খ) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ সংক্রান্ত পত্রের অনুলিপি।

(গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত অনুলিপি।

(ঘ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত অনুলিপি।

(ঙ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি।

(চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি এবং ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/প্রশাসক অথবা সিটি কর্পোরেশন মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি।

(ছ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।

(জ) সর্বশেষ ০৫(পাঁচ) বছরের দন্ড উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধান নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(ঝ) সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

অঃ পৃঃ দ্রঃ-২

০৩। **সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (ক হতে ঝ পর্যন্ত) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঘ) বিগত ০৪(চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ) বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন থাকলে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে,বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, উক্ত কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রম অতিবাহিত সময়ে পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

(ঝ) ইতোপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৪। **পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের "পদ বিবরণী" তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।

(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০৬। বিলিং সহকারী হিসেবে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানাই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বছরের জন্য ''চলতি দায়িত্বে'' নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন, বিলিং সহকারী পদে কর্মরত থাকাবস্থায় পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে বর্তমানে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট করার পর পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক এবং সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্বতন পদে প্রত্যাবর্তন অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৮। বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ধারা ০৭, ১৪ ও ১৬ প্রতিপালন করা হবে।

০৯। চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১০। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

১২। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

23.12.24

(মোঃ গোলাম কাউসার তালুকদার)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়। (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০৪। পুলিশ সুপার, হবিগঞ্জ।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ...................................পবিস-১/২/৩/৪।(আবেদনপত্র অগ্রগামী করার অনুরোধসহ)
০৭। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা) বাপবিবো, ঢাকা।
০৯। ডিজিএম, নবীগঞ্জ /চুনারুঘাট /নোয়াপাড়া /বানিয়াচং /লাখাই /(সদর দপ্তর-কারিগরী), জোনাল অফিস, হবিগঞ্জ পবিস।
১০। এজিএম (ওএন্ডএম), মাধবপুর/বাহুবল/আজমিরীগঞ্জ/ইনাতগঞ্জ সাব-জোনাল অফিস, হবিগঞ্জ পবিস।
১১। এজিএম (ইএন্ডসি/অর্থ-হিসাব/ওএন্ডএম/সদস্য সেবা/প্রশাসন/অর্থ-রাজস্ব), হবিগঞ্জ পবিস।
১২। এজিএম(আইটি), হবিগঞ্জ পবিস। ( ওয়েবসাইডে প্রকাশের নির্দেশনাসহ)
১৩। নোটিশ বোর্ড, হবিগঞ্জ পবিস।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

23.12.24

(মোঃ গোলাম কাউসার তালুকদার)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)